গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারকনং- ০৫.৩০.৩৫৯১.০০৭.৪৩.০০১.২২-১৪৬১

তারিখঃ ২০ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন (১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ ও ১৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা) মূলে টুঙ্গিপাড়া উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত শূণ্যপদে মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ইউনিয়ন পরিষদের নাম | পদের নাম | ওয়ার্ড নম্বর | পদের সংখ্যা | বেতন | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১। কুশলী | মহল্লাদার | ২ ও ৯ | ০২ | সরকার কর্তৃক নির্ধারিত | ১৮-৩০ | মহল্লাদার পদে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২। বর্ণি | মহল্লাদার | ২,৩ ও ৬ | ০৩ | | | |
| ০৩। গোপালপুর | মহল্লাদার | ২ | ০১ | | | |
| ০৪। পাটগাতী | মহল্লাদার | ৩, ৬ ও ৯ | ০৩ | | | |

## শর্তসমূহ ঃ

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

২. আবদনকারী/প্রার্থীর ক) নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জাতীয়তা ছ) ধর্ম জ) জন্ম তারিখ ঞ) বয়স (০৫-১২-২০২২ খ্রি. তারিখের), জ) শিক্ষাগত যোগ্যতা ঞ) অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আগামী ২৬/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন সরাসরি বা ডাকযোগে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩. আবেদনপত্রের সাথে আবেদনকারী/প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সীল) সত্যায়িত এবং সংশ্লিষ্ট ওয়ার্ড ও ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সীল) চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

৪. পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে।

৫. মহিলা প্রার্থীদের ক্ষেত্রে- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।

৬. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধিবিধান ও কোটা অনুসরণ করা হবে।

৭. প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারী/প্রার্থীকে বাছাই কমিটির মৌখিক স্বাক্ষাতকারে উপস্থিত হতে হবে। স্বাক্ষাতকারে উপস্থিত আবেদনকারী/প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. আবেদনকারী/প্রার্থীর প্রাপ্ত তথ্য ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. নিয়োগ প্রাপ্ত আবেদনকারী/প্রার্থীকে থানায় এক মাস প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/পদের সংখ্যা বৃদ্ধি বা কমানোর অধিকার সংরক্ষণ করেন।

১১. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ সাক্ষাতকার গ্রহণ করতে কিংবা পদে নিয়োগ করতে বাধ্য থাকবে না।

১২. গত ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখের ০৫.৩০.৩৫৯১.০০৭.১০.০০২.১৯-১০২৪ নং স্মাকরের নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকক্রমে পুঃণ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

১৩. গত ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে ০৫.৩০.৩৫৯১.০০৭.১০.০০২.১৯-১০২৪ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে যে সকল আবেদনকারী আবেদন করেছেন, সে সকল আবেদনকারীগণের পুঃণ আবেদন করার প্রয়োজন নেই।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ বাছাই/পদোন্নতি কমিটি
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
E-mail: unotungipara@mopa.gov.bd

৫.১২.২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
www.tungipara.gopalganj.gov.bd

স্মারকনং- ০৫.৩০.৩৫৯১.০০৭.৪৩.০০১.২২-১৪৬১

তারিখঃ ২০ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ / ০৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
০৪। উপজেলা.....................................কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ;
০৫। সহকারী প্রোগ্রামার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। তাকে উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৬। চেয়ারম্যান, কুশলী, বর্ণি, গোপালপুর, পাটগাতী, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া। তাকে ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
০৭। -----------------------------------------------------------------
০৮। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

৫.১২.২২